

WE ARE YOUR DOL



Department
of Labor

নখ কর্মীদের জন্য অধিকারের বিল

ন্যূনতম মজুরি:

আপনি ওভারটাইম সহ অবশ্যই প্রতি ঘণ্টা হিসাবে পারিশ্রমিক পাবেন, এমনকি আপনি যদি "কমিশন" হিসাবে পেমেন্ট পান বা অভিজ্ঞ নাও হন।

অভিবাসন স্ট্যাটাস নির্বিশেষে এগুলি আপনার অধিকার

আপনার যদি লাইসেন্স না থাকে, তাহলে আপনার একটি নখ প্রশিক্ষণার্থী লাইসেন্স নেওয়া উচিত, যা আপনি বিনামূল্যে পেতে পারেন। আরো জানতে হটলাইনে যোগাযোগ করুন।

তথ্য বা সহায়তার জন্য কল করুন:

(888) 469-7365

নিয়োগকর্তাদের কখনোই যা করা উচিত নয়:

- আপনার টিপস বা মজুরি নিয়ে নেওয়া
- আপনাকে ন্যূনতম মজুরির চেয়ে কম অর্থ প্রদান করা
- কোনো কাজ বা প্রশিক্ষণের জন্য, অথবা শাস্তিস্বরূপ অন্য কোনো কারণে আপনার কাছ থেকে অর্থ নেওয়া
- আপনার খাবারের বিরতি অস্বীকার করা
- আপনাকে মাস্ক এবং/অথবা গ্লাভস পরার অধিকার থেকে বঞ্চিত করা
- আপনার মজুরি বা কাজের শর্ত সম্পর্কে অভিযোগ করার জন্য আপনাকে যে কোনো উপায়ে শাস্তি দেয়া

আপনার নিরাপত্তার জন্য, মালিকদের অবশ্যই শ্রমিকদের যা প্রদান করতে হবে:

- কৃত্রিম নখ পালিশ/ফাইল করার সময় বা কৃত্রিম নখের পাউডার ব্যবহার করার সময় একটি রেস্পিরেটরের (বিশেষ মাস্ক) সুবিধা দেওয়া
- রাসায়নিক বা বর্জ্য পরিচালনা করার সময়, পরিষ্কার করার সময় এবং গ্রাহকের ত্বক নষ্ট হয়ে যেতে পারে এমন কোনো পরিষেবা সম্পাদন করার সময় ব্যবহারের জন্য গ্লাভস
- রাসায়নিক পদার্থ প্রস্তুতি, স্থানান্তর বা ঢালার সময় ব্যবহারের জন্য চোখের সুরক্ষা

স্থান	প্রথম 40 ঘণ্টা প্রতি সপ্তাহে, অন্তত:	40 ঘণ্টা পর প্রতি সপ্তাহে, অন্তত:
নিউইয়র্ক সিটি	\$ 16.50/ঘণ্টা	\$24.75/ঘণ্টা
লং আইল্যান্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টি	\$ 16.50/ঘণ্টা	\$24.75/ঘণ্টা
নিউইয়র্ক স্টেটের অবশিষ্টাংশ	\$ 15.50/ঘণ্টা	\$ 23.25/ঘণ্টা